

আমার কয়েকটা কবিতা [কবিআব্দুল]



“এই বাংলা শহীদের”

এই বাংলা শহীদের এই বাংলা মুক্তিযোদ্ধার দেশ,
এই বাংলা সন্তান হারার, এই বাংলা অনাথদের,
এই বাংলা বিধবার এই বাংলা তোমার আমার,
স্বাধীন এই বাংলা নির্যাতিত জনতার বেশ,
মাতৃভূমি বাংলা আমার স্বাধীন বাংলাদেশ।

আমার কয়েকটা কবিতা [কবিআব্দুল]

“কাঁদি বসে নির্জনে”

আমি কাঁদি বসে নির্জনে, জল নেই আমার নয়ন কোণে,
মরমি তুমি অন্তর্যামি তব বিরহে ঘুণ ধরেছে মনে।
প্রভু, ক্ষমা চাই আমি পাতকির ভাগ্য লেখেছ তুমি জান,
প্রেমানল মনে জ্বলছে কামানল জ্বালায় কামিনী কামবাণে।
বিরহী আমি বিবাগী, জেল্লা উপবনে জানি নন্দ নিধুবনে,
জপজিকিরে শান্তি ইবাদতিতে তোমার দেখা চাই ধ্যানে।

“সৌন্দর্য”

[আমার প্রথম কবিতার একটা]

১৯৮৯ সালে লেখা।

ব্যর্থ হয়ে মরণশায় দুঃখের সাগরে ডুবিলে
মন প্রাণ দিয়ে উপভোগ করা যায় ধরনী মায়ের রূপকে,
কত সৌন্দর্য লুকিয়ে আছে নিসর্গ মাঝে,
কত উদাস লাগে মানুষকে কালোর মাঝে ডুবে গেলে,
নৈসর্গিক সুন্দর্যতা শুধু দেখা যায় তাকালে অন্তর দৃষ্টি মেলে।
তেমন করে মোর দিব্ব নয়নে হেরেছিলাম
কামাক্ষী তব মনোহর রূপ উঠিত কালে
প্রেমে মজে জীবন কাননের একক কলি তব হাতে
ডারিতে দিয়েছিলাম স্বপ্ন শত আশায় মিলনের ছলে।

“তুমি আমার প্রেম”

তুমি আমার প্রেম, সুখের উৎস প্রাণবন্ততা তুমি আমার প্রেমেরাত্মা,
তুমি আমার ভালোবাসা, আশা তুমি কাম্য আমার আনন্দের আত্মা।
তুমি আমার আল্পনা, কল্পনা জল্পনা তুমি ছন্দ আমার কবিতার আত্মা,
তুমি আমার কাব্যভূবন, প্রিয়তমা তুমি আমার সৃজনশীলতার আত্মা।

আমার কয়েকটা কবিতা [কবিতাব্দুল]

“আমরা বাঙ্গালী”

আমি আজন্মের ক্ষ্যাপা চির স্বাধীন বাঙ্গালী।
মনের ভাষা বাংলা আমাদের আত্মপরিচয়
বাংলায় আমরা প্রাণে প্রাণে মিলি,
আমাদের জীবন শক্তি বাঙ্গালী।
স্বপ্ন আশা শুদ্ধ বাংলা, আমরা বাংলায় কথা বলি।
মুখের ধ্বনি সরল, চলিত বাংলায় করি লেখা লিখি,
আমার কলমের অঙ্কন শুদ্ধ সাধু কালি।
দেশ স্বাধীন করেছি আমরা বৈঠা লাঙ্গলে মেরে কামান গুলি,
বিশ্বে পরিচিত আজ জানে সবে আমরা বীর বাঙ্গালী,
আমরা বাঙ্গালী স্বাধীন আমরা বাঙ্গালী।

“তুমি বলে যাওনি”

আজ কত দিন হয়, নয়ন সজল হয়নি,
আজ কত দিন হয় তোমার সাথে কথা হয়নি,
আজ কত দিন হয় মনের কথা খুলে বলিনি,
আজ কত দিন হয় তোমার চোখের পানে তাকাইনি,
আজ কত দিন হয় তোমার হাত ধরে হাটিনি,
আজ কত দিন হয় তোমার খোঁপায় রক্তজবা গুঁজে দেইনি,
আজ কত দিন হয় তোমার অপেক্ষায় অপেক্ষামন হইনি,
কেন তুমি চলে গেল? জানতে চাই, তুমি বলে যাওনি।

“হে পাঠকরা”

আমি মরে গেলে আমাকে স্মরণ করবে, জানি,
আমি মরে গেলে আমার নামে দেবে পুষ্পাঞ্জলি, জানি,
আমি মরে গেলে আমার নামে স্মরণ সভা করবে, জানি
আমি মরে গেলে আমার শোকভোজন না করে শোকপ্রকাশ করবে, জানি,
আমি বেঁচে থাকতে আমাকে কেউ চিনতেও চাও না তা আমি জানি।
আমি কবি তাই আমি কবিতা লিখি, তোমরা আমার কবিতা পড়নি।

আম্মার কয়েকটা কবিতা [কবিআব্দুল]

“হে সবুজ বাংলা”

তোমা থেকে রং নিয়ে লাল পলাশ রক্তে রঞ্জিত হে সবুজ বাংলা,
তোমার বুক পিতা পুত্র স্বামী পুঁতেছে সতীত্ব গায়ের অবলা।
মিঠা জল রক্তে লাল হলেও দু চোখে ছিল স্বপ্নের মেলা,
জয়ের মালা গলে পরে আজ পরাজয়ে জ্বলছি মোরা বুক শত জ্বালা,
স্বাধীনতার স্বপ্নে আমরা তোমাকে ভালোবাসি হে আদিম বাংলা।
নদীতে আজ চর, হাওরে বালি ক্ষেতে ফসল নেই আর সুফলা,
হাহাকার নয় এতো মানব রচিত দানব লীলা।
রাক্ষসখোঁকস কল্পনাতে বসত করে হেতায় রাজনীতিতে দৈত্য দানবের খেলা,
সর্বহারা অসহায় জনগন অশিক্ষার নিশাতে আজ জগত ভুলা।

“বাঙালিরা গিয়েছে বদলে”

স্বপ্নহীন নয়ন স্বপ্নীল হয়,
বাংলার সবুজ মাঠের পানে তাকালে।
অনীহায় অতিষ্ঠ অন্তর প্রাণবন্ত হয়,
বাংলার নদী জল পান করলে।
বাংলা আজো আগের মতোই আছে,
বাঙালিরা গিয়েছে বদলে।
পরাদীনতার অভিশাপ থেকে মুক্ত হবার জন্য
অগণনীয় প্রাণ উৎসর্গ করে,
অর্ধহারা স্বাধীন বাঙালিরা ভাসে নয়ন জলে।

আমার কয়েকটা কবিতা [কবিআব্দুল]

"Love is more than treasure"

Time will end lifespan fills with misery,
Although love is full of pleasure mean endless.
Deary, lovesick I am roving in wilderness of life is hopeless,
Eyes are dreamless.
Longing to have you in armrest,
Heart is hurting, feeling is heartrending mind is restless.
Loveless earth is growing dangerous,
Earthlings are pitiless, and despair is everywhere,
Hunger, struggle, wretchedness are part of daily life for majority,
Minority for the big players killing is an act of superiority not displeasure.
My dearest, in your estrange while I was roving on desert like deserted
street
I saw a mum tenderly holding her son in arm, lifeless he was only seven.
I heard her saying,
Please, someone please wake my son for me, I will pray for you.
Darling my precious,
I was powerless, my pen was only a quill, filled with ink of tears
As you know, I am a poet,
I write for lovers not for heartless or ruthless,
In atmosphere I look for love not heartlessness,
For the reason that, love is more than treasure.
As a lovelorn I look at the sky, I count stars.
At dark night, I see the full moon as blessing,
I know the sun keeps us warm and alive,
Rain revives dead earth, the last resting place.
While I was looking at the sky,
To see your idyllic smiling face in the ocean of stars,
She called and looked at me with tearing eyes and asked,
Son, why my son is not waking?
In reply all I said was, mum spiritless he is resting.